bengalioldsongs.in

মানবেন্দ্র মুখোপাধ্যায়

## Manabendra Mukherjee

কথা :—আনন্দ মুখোপাধ্যায় সুর :—অভিজিৎ

**N 82845** মুক্তোছড়া নেইকো কন্যা
এই নিরিবিলি স্বর্ণালী সন্ধ্যায়

( ১ )

মুক্তোছড়া নেইকো কন্যা
নেইকো মোতির হার।
আমার, মনের মুক্তো দেবো তোমায়
গ'ড়ো অলঙ্কার ॥

গন্ধরাজের গন্ধে তোমার
হৃদয় দেবো ভ'রে
পারিজাতের রঙে তোমায়
দেবো বিভোর ক'রে,
আর দেবো মোর মনের আবেগ
তোমায় উপহার ॥

আমার ফাগুন দিয়ে তুমি
হৃদয় ভ'রে নিও
বিনিময়ে তোমার শ্রাবণ
না হয় মোরে দিও।
বেঁধেছি গো কন্যা তোমায়
আমার মনের মাঝে
তবু তোমার মনের নাগাল
আজও পেলাম না যে,
সব দিয়েছি উজাড় করে'
যা' ছিল আমার ॥*

( ২ )


এই নিরিবিলি স্বর্ণালী সন্ধ্যায়
মন যায় হারিয়ে
আকাশের ছায়াপথ ছাড়িয়ে
দেখো তন্দ্রাহারা
ঐ সন্ধ্যাতারা
তোমায় আমায় ডাক দিয়ে যায়।
চেয়ে দেখো একরাশ রজনীগন্ধা ঝরানো
দূরের মহুয়া বন
খেয়াল খুশীতে ভরানো
আজ, তোমার আমার মন
হয় যদি উন্মন—হোক না
এই ঘুম নিঃঝুম নিরালায় ॥

এই, স্বর্ণালী নিরিবিলি সন্ধ্যায়
আমার আকুল প্রাণ ভরেছে
তোমার মনের কথা
যেন রূপকথা হয়ে ঝরেছে।
যদি আমি একবার
এমনি সন্ধ্যা লগনে
তোমায় একটি নামে
ডেকে যাই শুধু গোপনে
আর, আমার একটি গান
দেয় মুছে অভিমান—দিক না
এই উচ্ছল বনছায় ॥*

—শিল্পীর মধু-কণ্ঠের গান—

**N 82818** এই নীল নির্জন সাগরে
আধুনিক এখনও এই রাত অনেক বাকী

**N 82836** ঐ দূর নীলাকাশ
আধুনিক চম্পক বনে অলি



মানবেন্দ্র মুখোপাধ্যায়

শিল্পীর কণ্ঠস্বর সাবলীল ও জোরালো, গায়ন ভঙ্গী—অনন্য-সাধারণ। স্বভাবসিদ্ধ পরিপূর্ণ প্রত্যয়ের সঙ্গে এবারের ছন্দোমধুর আধুনিক গান দু'খানিকে শিল্পী রূপদান করেছেন।